



অভিবাসী মাতাপিতা ও দেখাশোনাকারীদের জন্য তথ্য

Bangla • Dec 2025

যদি আপনি একজন অভিবাসী দেখাশোনাকারী হন (যার মধ্যে রয়েছে একজন পিতা বা মাতা, একজন আইনি অভিভাবক, একজন আইনগতভাবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অথবা অন্য কোনও আত্মীয়) এবং অভিবাসন আইন প্রয়োগের কারণে আপনাকে আপনার সন্তানের থেকে আলাদা করা হতে পারে বলে আপনি উদ্বিগ্ন থাকেন,
তাহলে ভবিষ্যত পরিকল্পনা করতে নিম্নলিখিত উপায়ে সাহায্য নিন:



MOIA-র আইনি সহায়তা হটলাইনে 1-800-854-0365 নম্বরে কল করে একটি বিনামূল্যের ও বিশ্বস্ত আইনি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করা।



আপনি আটক হলে **জরুরি যোগাযোগের জন্য কাউকে** আগে থেকে ঠিক করে রাখা।
তার ফোন নম্বর মুখস্ত করার কথা বিবেচনা করা। আপনি বিশ্বাস করেন এমন কাউকেই
জরুরি যোগাযোগের জন্য আপনার ঠিক করা উচিত হবে, যেমন আপনার আইনজীবীর
মতো কেউ।



আপনার সন্তানের স্কুলে তাদের ব্লু কার্ড হালনাগাদ করে **জরুরি যোগাযোগের তথ্য**
হালনাগাদ করা।



আপনি যদি আপনার সন্তানের দেখাশোনা বা তাদের সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে
অক্ষম হন সেক্ষেত্রে **এই দায়িত্বগুলো পালনের জন্য কাউকে নিয়োজিত করা।**



- ১ সন্তানের অভিভাবক হিসেবে কাউকে মনোনীত করার প্রথম উপায় হলো
নিউ ইয়র্ক রাজ্য শিশু ও পরিবার পরিষেবা বিষয়ক কার্যালয়ের OCFS-
4940 নামক ফরমটি পূরণ করা।
এটি তৎক্ষণিকভাবেই করা সম্ভব ও এজন্য আপনাকে আদালতে যেতে হবে না।
- ২ দ্বিতীয় উপায় হলো বিকল্প অভিভাবকস্থ নামক প্রক্রিয়াটি সম্পন্ন করা। এই
প্রক্রিয়াটি আদালতের মাধ্যমে করতে হয়।




Mayor's Office of
Immigrant Affairs



অভিবাসী মাতাপিতা ও দেখাশোনাকারীদের জন্য তথ্য


Bangla • Dec 2025

বিনামূলে ও গোপনীয়তার সঙ্গে অভিবাসন-সংক্রান্ত আইনি সহায়তা নেওয়ার সঙ্গে সঙ্গে বিকল্প
অভিভাবক মনোনয়ন বিষয়টি সম্পর্কে বোঝা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পর্কে সহায়তা পেতে নিচের
নম্বরগুলিতে ফোন করুন:




MOIA অভিবাসন সংক্রান্ত আইনি সহায়তা ইটলাইন **1-800-354-0365**

সোমবার-শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত [দোভাষী সেবা পাওয়া](#) যাবে




311 বলুন “Immigration” [দোভাষী সেবা পাওয়া](#) যাবে



পরিবারের জন্য আইনি সেবা **212-343-1122**

সোমবার-শুক্রবার, সকাল 9টা থেকে বেলা 1টা পর্যন্ত এবং বেলা 2টা থেকে
বিকেল 5টা পর্যন্ত EST

আপনার
অধিকার
সম্পর্কে
জানুন



nyc.gov/knowyourrights

পারিবারিক
ন্যায়বিচার
কেন্দ্র



nyc.gov/fjc



অভিবাসন আইন একটি জটিল বিষয়। অভিবাসন-সংক্রান্ত আইনি সেবা প্রদানের নামে মিথ্যা
আশ্঵াসদানকারী প্রতারক ও জালিয়াতদের সম্পর্কে সাবধান থাকুন।

এই ফ্লায়ারটি কেবল সাধারণ তথ্য প্রদান করে। এটি কোনও আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন এটর্নির
সঙ্গে আলোচনা করুন।